

এস,আর,ও নং ২৩৬-আইন/৮৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কোন করদাতার তুঁত গাছের চাষ, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক (mushroom) উৎপাদন খামার এবং ফুল ও লতাপাতার চাষ (floriculture) হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance এর অধীনে প্রদেয় কর হইতে ৩০শে জুন, ২০০০ সাল পর্যন্ত সময়কালের জন্য অব্যাহতি প্রদান করিল।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আলী রেজা খান

অতিরিক্ত সচিব

তারিখ, ২৩শে আশ্বিন, ১৩৯৮/৯ই অক্টোবর, ১৯৯১ ইং।

এস,আর,ও নং ৩০৯/আইন/৯১ I—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৫-আইন/৮৯, তারিখ ১লা জুলাই, ১৯৮৯ এবং এস,আর,ও নং ২৩৬-আইন/৮৯, তারিখ ১লা জুলাই, ১৯৮৯ এতদ্বারা বাতিলপূর্বক সরকার কোন করদাতার মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, গবাদি পশুর খামার, দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প (horticulture) তুঁত গাছের চাষ, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক (mushroom) উৎপাদন খামার এবং ফুল ও লতাপাতার চাষ (floriculture) হইতে উদ্ধৃত আয়কে উক্ত Ordinance এর অধীনে প্রদেয় কর হইতে ৩০শে জুন, ২০০০ পর্যন্ত সময়কালের জন্য অব্যাহতি প্রদান করিলেন:

তবে শর্ত থাকে যে, উল্লিখিত কর্মকাণ্ড হইতে উদ্ধৃত করমুক্ত আয় ১,০০,০০০ টাকার অধিক হইলে উক্ত আয়ের ন্যূনতম শতকরা দশভাগ সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড বা সিকিউরিটিতে বিনিয়োগ করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, এই প্রজ্ঞাপনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতিপ্রাপ্ত করদাতা অব্যাহতির সময়কালের সংগে সম্পূর্ণ অর্থ-বৎসরগুলির আয়কর রিটার্ন সংশ্লিষ্ট Deputy Commissioner of Taxes এর নিকট দাখিল করিবেন এবং Deputy Commissioner of Taxes এই প্রজ্ঞাপনের শর্ত পালিত না হইলে অব্যাহতি বাতিল করিবেন।

এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৯১ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
নুরুল হোসেইন খান
সচিব।